

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
অভয়নগর, যশোর।
www.aclabhaynagar.jessore.gov.bd

স্মারক সংখ্যা ৩১.৪০.৪১০৪.০০০.৯৯.০৬৫.২৬- ০২৫২

তারিখ: ১০/০৬/২০২৬

“অভয়নগর উপজেলাধীন টেকা নদী হতে খননকৃত মাটির নিলাম বিজ্ঞপ্তি”

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৭/০৬/২০২৬ খ্রি: তারিখ বুধবার অভয়নগর উপজেলাধীন টেকা নদী হতে খননকৃত মাটির নিলাম কার্যক্রম অনুষ্ঠিত হবে। উক্ত খননকৃত মাটি প্রকাশ্যে নিলামে বিক্রয়ের জন্য সকল আগ্রহী ব্যবসায়ী ব্যক্তিবর্গকে নিম্নবর্ণিত তারিখ ও সময়ে প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

“ টেকা নদী হতে খননকৃত মাটি ” প্রকাশ্যে নিলাম ডাকের স্থান, তারিখ সময় ও নিলাম ডাকের তথ্য

ক্র নং	প্রকাশ্যে নিলাম ডাকের তারিখ, সময় ও স্থান	মাটির বিবরণ	পে অর্ডারযোগ্য টাকার পরিমাণ	মন্তব্য
০১	১৭/০৬/২০২৬ বেলা-১১.৩০ ঘটিকা পায়রা ইউনিয়ন এর অধীন কালিশাকুল মৌজার কাঠের ব্রীজ পর্যন্ত (১ম অংশ)	বিক্রয়যোগ্য মাটির পরিমাণ আনুমানিক- ২,০০৬৪৬ ঘনফুট মূল্য-১,০০৩২৩/-	২৫,০৮১/-	
০২	১৭/০৬/২০২৬ বেলা-১২.০০ ঘটিকা পায়রা ইউনিয়ন এর অধীন কালিশাকুল মৌজা (২য় অংশ)	বিক্রয়যোগ্য মাটির পরিমাণ আনুমানিক- ৩,১৬,৮০০ ঘনফুট মূল্য-১,৫৮,৪০০/-	৩৯,৬০০/-	
০৩	১৭/০৬/২০২৬ বেলা-১২.৩০ ঘটিকা পায়রা ইউনিয়ন এর অধীন কালিশাকুল মৌজা (৩য় অংশ)	বিক্রয়যোগ্য মাটির পরিমাণ আনুমানিক- ১৬,২০০ ঘনফুট মূল্য-৮,১০০/-	২,০২৫/-	

প্রকাশ্যে নিলাম ডাকের শর্তাবলী:

১) খননকৃত মাটির নিলাম ডাকে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে ২৫% জামানতের টাকা (ফেরতযোগ্য) উপজেলা নির্বাহী অফিসার, অভয়নগর, যশোর এর অনুকূলে ব্যাংক ড্রাফটের মাধ্যমে ১৭/০৬/২০২৬ খ্রি. তারিখের ধার্য সময়ের পূর্বে জমা দিতে হবে। জামানতের সাথে জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি (বাধ্যতামূলক) দাখিল করতে হবে। উক্ত নিলামে অংশগ্রহণের পূর্বে আগ্রহী নিলাম ক্রেতাদেরকে ৩টি স্পটের মাটি সরেজমিন পরিদর্শন করে নিলামে অংশগ্রহণের জন্য বলা হলো। নিলাম পরবর্তী সময়ে মাটি অপসারণে বেগনরূপ আপত্তি করা যাবেনা।

২) ভিত্তি মূল্যের অধিক সর্বোচ্চ ডাককারীর নামে নিলাম বরাদ্দ হবে। কিন্তু সর্বোচ্চ নিলাম ডাককারী কোন কারণে নিলামের শর্ত ভঙ্গ করলে পরবর্তী পর্যায়ক্রমে সর্বোচ্চ ডাককারীকে সুযোগ প্রদান করা হবে। ডাকের সমুদয় অর্থ এবং ভ্যাট ১৫% ও আয়কর ১০% টাকা নিলামের পরবর্তী ০২ (দুই) কার্যদিবসের মধ্যে ট্রেজারি চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিতে হবে। চালানোর মূলকপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিয়ে কার্যাদেশ সংগ্রহ করতে হবে।

৩) নিলামে ক্রয়কৃত মালামালের কার্যাদেশ পাওয়ার পর নিজ ব্যবস্থাপনায় এবং উদ্যোগে নিলামকৃত মাটি অপসারণ করতে হবে। নিলামকৃত মাটি অপসারণ ও পরিবহনের সময় প্রচলিত আইন কানুন ও বিধিবিধান মেনে চলতে হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় নিলাম ডাক বাতিল বা সম্পূর্ণ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৪) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই প্রকাশ্যে নিলাম ডাক বাতিল/ গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

৭০/১

আশীষ কুমার বসু
সহকারী কমিশনার (ভূমি)

ও

আহবায়ক
মাটির সুষ্ঠু ব্যবস্থাপনা সংক্রান্ত কমিটি
অভয়নগর, যশোর


স্মারক নং: ৩১.৪০.৪১০৪.০০০.৯৯.০৬৫.২৬-

১২৫২(৩২)

তারিখ: ১০/০৬/২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), যশোর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, অভয়নগর, যশোর।
- ৪। অধিনায়ক, ২ ইন্স্ট বেঙ্গাল, বাংলাদেশ সেনাবাহিনী, যশোর।
- ৫। উপজেলা প্রকৌশলী, অভয়নগর, যশোর।
- ৬। উপজেলা আইসিটি কর্মকর্তা, অভয়নগর, যশোর। [বিজ্ঞপ্তিটি উপজেলার ওয়েবসাইটের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ]।
- ৭। প্যানেল চেয়ারম্যান, পায়রা ইউনিয়ন পরিষদ, অভয়নগর, যশোর।
- ৮। ইউপি প্রশাসনিক কর্মকর্তা, পায়রা ইউনিয়ন পরিষদ, অভয়নগর, যশোর।
- ৯। ভূমি সহকারী কর্মকর্তা, পায়রা ইউনিয়ন ভূমি অফিস, অভয়নগর, যশোর। [নিলাম সংক্রান্ত বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টানিয়ে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো]।
- ১০। উপ-প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, অভয়নগর, যশোর। [নিলাম সংক্রান্ত বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টানিয়ে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো]
- ১১। কম্পিউটার অপারেটর, উপজেলা ভূমি অফিস, অভয়নগর, যশোর। [নিলাম সংক্রান্ত বিজ্ঞপ্তিটি উপজেলা ভূমি অফিসের ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো]
- ১২। নোটিশ বোর্ড


১০/০৬/২০২৬

সহকারী কমিশনার (ভূমি)

ও

আহবায়ক
মাটির সুষ্ঠু ব্যবস্থাপনা সংক্রান্ত কমিটি
অভয়নগর, যশোর

৩১